

## প্রাইমারি প্রধান শিক্ষকদের পদ উন্নীত হচ্ছে ২য় শ্রেণিতে ৯ মার্চ ঘোষণা দেবেন প্রধানমন্ত্রী

### ■ ইত্তেফাক রিপোর্ট

দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের পদমর্যাদা দ্বিতীয় শ্রেণিতে উন্নীত ও সহকারী শিক্ষকদের বেতন স্কেল এক ধাপ বৃদ্ধির ঘোষণা দেয়া হবে আগামী ৯ মার্চ। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ ঘোষণা দেবেন। দেশের প্রায় ৬০ হাজার প্রধান শিক্ষক ও সাড়ে-তিন লাখ সহকারী শিক্ষক রয়েছেন।

প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোতাহিরুল রহমান সাংবাদিকদের জানিয়েছেন, প্রধান শিক্ষকদের পদমর্যাদা দ্বিতীয় শ্রেণিতে উন্নীত ও সহকারী শিক্ষকদের বেতন স্কেল বৃদ্ধির বিষয়টি চূড়ান্ত করা হয়েছে। আগামী ৯ মার্চ, ওসমানী স্মৃতি মিলনায়তনে প্রাথমিক শিক্ষা সত্ত্বাহের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ ঘোষণা দেবেন। পুরনো ৩৭ হাজার ৬৭২টি সরকারি বিদ্যালয়ের পাশাপাশি নতুন সরকারি হওয়া প্রায় ২৩ হাজার বিদ্যালয়ের শিক্ষকেরা এই সুবিধা পাবেন।

তাছাড়া অনুমারী, প্রধান শিক্ষকদের দ্বিতীয় শ্রেণির মর্যাদার পাশাপাশি এর সঙ্গে সম্মতি রেখে বেতনও বাড়বে। প্রশিক্ষণবিহীন সহকারী শিক্ষকদের বেতন স্কেল চার হাজার ৭০০ টাকা থেকে বেড়ে চার হাজার ৯০০ টাকা এবং প্রশিক্ষণপ্রাপ্তদের চার হাজার ৯০০ টাকা থেকে বেড়ে পাঁচ হাজার ২০০ টাকা হচ্ছে।

প্রাথমিক শিক্ষকদের পদমর্যাদা ও বেতন বৃদ্ধির বিষয়টি নিয়ে শিক্ষকেরা দীর্ঘদিন ধরে আন্দোলন চালিয়ে আসছিল। সার্বিক বিবেচনায় সরকারও দাবি যেনে নিয়েছিল। কিন্তু জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ মন্ত্রণালয়ে বিষয়টি নিয়ে বিচার বিশ্লেষণ করে এতে সমঝুত্বপন হয়। অবশেষে অর্থ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া যায়। ফলে এখন শিক্ষকদের মর্যাদা বৃদ্ধিতে আর কোন বাধা নেই।